

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যাউবি-১(১০২)/এমসি-১৬/২০০৯-২০১০/১২৯৩(১২০০)

তারিখঃ ৩১-০১-২০১০

- ১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ৩। উপ-মহাব্যবস্থাপক কর্পোরেট শাখাসমূহ
- ৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সরকার কর্তৃক ইস্যুকৃত আইডি কার্ড হোল্ডারদেরকে কৃষি ঋণ প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক দিন বদলের কর্মসূচী বাস্তবায়নের প্রধান উপকরণই হচ্ছে পর্যাপ্ত কৃষি উৎপাদন বৃদ্ধি করে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক উৎপাদিত অতিরিক্ত খাদ্য শস্য/কৃষি পণ্য বিদেশে রপ্তানী করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করা। পাশাপাশি ক্ষুদ্র ও মাঝারী শিল্প (এসএমই) এবং কৃষিভিত্তিক শিল্প ও প্রকল্প স্থাপনের মাধ্যমে দেশকে শিল্পোন্নত করে শিল্পজাত দ্রব্যের আমদানী নির্ভরতা কমিয়ে দেশের পর্যাপ্ত বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা। এ লক্ষ্যকে সামনে রেখেই প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে গত ১৮-০৬-২০০৯ তারিখে ডিএমডি-১(শানিব্যাউবি)পরিপত্র নং-০২/২০০৯ মূলে চলতি অর্থ বছরের ঋণ বিতরণ কর্মসূচী প্রণয়নপূর্বক বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তা যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এ দেশে বর্তমানে ক্রমবর্ধিষ্ণু ১৫ কোটি মানুষের প্রয়োজনীয় চাহিদার তুলনায় কৃষি উৎপাদন কম হওয়ায় কৃষি পণ্যের আমদানী নির্ভরতা ক্রমাগতই বৃদ্ধি পাচ্ছে। ফলে দেশের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে খাদ্য ঘাটতি হ্রাস ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে অভ্যন্তরীণ কৃষি উৎপাদন বৃদ্ধির কোনই বিকল্প নেই। বাংলাদেশ কৃষি ব্যাংক এ দেশের কৃষি সেক্টরে ঋণ বিতরণকারী সর্ববৃহৎ সরকারী প্রতিষ্ঠান বিধায় দেশের খাদ্য ঘাটতি হ্রাস ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে অভ্যন্তরীণ কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সিংহভাগ কৃষি ঋণ বিতরণের অগ্রণী ভূমিকা কৃষি ব্যাংককেই গ্রহন করতে হবে।

০৪। বর্তমানে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক পর্যাপ্ত পরিমাণ কৃষি ঋণ বিতরণ করা হলেও এখনো কৃষকদের একটি বিরাট অংশকে কৃষি ঋণের আওতায় আনা সম্ভব হয়নি। সম্প্রতি বাংলাদেশ সরকার কর্তৃক প্রায় ২(দুই) কোটি কৃষককে আইডি কার্ড প্রদান করা হয়েছে। কৃষি ব্যাংকের প্রতিটি শাখার আওতায় উল্লেখিত আইডি কার্ড হোল্ডারদের তালিকা কৃষি সম্প্রসারণ বিভাগ থেকে সংগ্রহ করে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও শাখায় সংরক্ষণপূর্বক আগামী জুন/২০১০ এর মধ্যে প্রতিটি কার্ড হোল্ডারকে ঋণ প্রদান নিশ্চিত করতে হবে। আইডি কার্ড হোল্ডার একজন কৃষকও যাতে ঋণ প্রাপ্তি থেকে বঞ্চিত না হয় সে বিষয়টি সকল শাখা ব্যবস্থাপকদেরকে নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৫। সরকার কর্তৃক ইস্যুকৃত আইডি কার্ড হোল্ডারদের কৃষি ঋণের আওতায় আনা হলে একদিকে দেশের কৃষি উৎপাদন ব্যাপক বৃদ্ধি পাবে, খাদ্যে নিরাপত্তা নিশ্চিত হওয়াসহ উদ্বৃত্ত খাদ্য শস্য/কৃষি পণ্য বিদেশে রপ্তানীপূর্বক প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন সম্ভব হবে। পাশাপাশি সরকারের নিকট ব্যাংকের ভাবমূর্তি উজ্জ্বল হবে এবং ব্যাংকের পর্যাপ্ত আয় বৃদ্ধি পেয়ে ব্যাংককে লাভজনক পর্যায়ে উন্নীত করা সম্ভব হবে।

০৬। সরকার কর্তৃক ইস্যুকৃত আইডি কার্ড হোল্ডারদের মধ্যে কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রেও কৃষকদের চাহিদা ও প্রাপ্যতা অনুযায়ী এবং গুণগতমান বজায় রেখে ব্যাংকের বিদ্যমান প্রচলিত নিয়ম অনুসরণপূর্বক দ্রুততা ও স্বচ্ছতার সাথে ঋণ প্রদান করতে হবে। তৃতীয় পক্ষ বা মধ্যস্থত্বভোগী যাতে ঋণ বিতরণ প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত হতে না পারে সে ব্যাপারে বিশেষ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

০৭। উপরোল্লিখিত দিক-নির্দেশনাসমূহ যথাযথভাবে ও দ্রুততার সাথে পরিপালন/বাস্তবায়নপূর্বক চলতি অর্থ বছরের বিতরণযোগ্য সকল খাতে পর্যাপ্ত পরিমাণ ঋণ বিতরণ করতঃ বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে শাখাসমূহ কর্তৃক উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পালন করা হচ্ছে কিনা তাও নিশ্চিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এ,টি,এম আনিসুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যাউবি-১(১০২)/এমসি-১৬/২০০৯-২০১০/১২৯৩(১২০০)

তারিখঃ ৩১-০১-২০১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, টিআই, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। নথি/মহানথি।

(মোঃ শাহজাহান)

সহকারী মহাব্যবস্থাপক